



## কবি নজরুল ইনস্টিটিউট

কবিভবন  
ভাষাসৈনিক বিচারপতি আবদুর রহমান চৌধুরী সড়ক  
বাড়ি ৩৩০-বি, রোড ২৮ (পুরাতন)  
ধানমণ্ডি আবাসিক এলাকা, ঢাকা ১২০৯  
ফোন : ৯১৩৪১৬৬, ৯১১৪৫০০, ৯১১৪৬০২  
ওয়েব সাইট : www.nazrulnstitute.gov.bd  
ই-মেইল : nazrulnstitute@gmail.com  
ফেইসবুক : facebook.com/kni.gov.bd

নজরুল চেতনা  
সমৃদ্ধ বাংলাদেশ



বিষয় : উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি ও ইনোভেশন কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আব্দুর রহিম, সচিব, কবি নজরুল ইনস্টিটিউট ও ইনোভেশন অফিসার।  
সভার তারিখ : ০২ নভেম্বর ২০২০  
সময় : বেলা ১১টা  
স্থান : কবি নজরুল ইনস্টিটিউট


উপস্থিত সদস্যবৃন্দ :

১. জনাব মো. রবিউল ইসলাম, সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা), কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা ও সদস্য, ইনোভেশন টিম।
২. জনাব মো. মাহবুবুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা ও সদস্য, ইনোভেশন টিম।
৩. জনাব মো. ফখরুল আলম, সহকারী সম্পাদক (শ্রাব্য ও দর্শন), কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা ও সদস্য-সচিব, ইনোভেশন টিম।

আলোচনা ও সিদ্ধান্ত :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার শুরুতে ২০২০-২১ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসাবে উদ্ভাবনী ধারণা/উদ্যোগ যাচাই-বাছাই করে ৪টি ধারণা নির্বাচন করা হয়। বাছাইকৃত ধারণাসমূহ : ১. কবি নজরুল ইনস্টিটিউটের প্রকাশনা ই-বুক এ রূপান্তর ২. নজরুল স্মৃতি কেন্দ্রগুলোতে দর্শনার্থীদের আকৃষ্ট করার জন্য দৃষ্টিনন্দন করে সজ্জিতকরণ ৩. গ্রন্থাগারে আগত পাঠক/গবেষকদের ফটোকপি সেবা ও ৪. প্রশিক্ষার্থীদের সাথে অনলাইনে (ফেইজবুক গ্রুপে) তথ্য আদান প্রদান। নির্ধারিত ধারণাসমূহের তালিকা ওয়েবসাইটে প্রকাশের উদ্দেশ্যে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া 'Rapid Digitization Using Mygov' বিষয়ক কর্মশালায় ইনস্টিটিউট এর ২২ টি সেবা ডিজিটাইজড করার জন্য প্রস্তাব করা হয়েছে যার মধ্যে ১৮টি সেবা কমন সার্ভিস ও ৩টি স্পেসিয়াল সার্ভিস। গত ০৯.১১.২০২০ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুষ্ঠিত 'ইনোভেশন' বিষয়ক কর্মশালায় প্রদত্ত নির্দেশনার আলোকে কবি নজরুল ইনস্টিটিউটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে অনুচ্ছেদ ২.১.১তে কমিটির সভা ৬টির স্থলে ৪টি করা হয়েছে, অনুচ্ছেদ ৪.২.১. ও ৪.৩.১তে প্রশিক্ষণে অংশগ্রহনকারীর সংখ্যা ৬জন এর স্থলে ১২জন করা হয়েছে, অনুচ্ছেদ ৯.২.১তে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরিত সংখ্যা ৪জনের স্থলে ২জন করা হয়েছে, ও অনুচ্ছেদ ১৩.২.১তে উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে টিমের সভার সংখ্যা ৩টির স্থলে ২টি করা হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ও ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আব্দুর রহিম)

সচিব (যুগ্মসচিব) ও ইনোভেশন অফিসার

কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা